

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৪.০৭.০৬২.১৭- ১৭

তারিখঃ ২৯.০১.২০১৮ খ্রিঃ

বিষয়: জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা(১২১০৩০), উপজেলা-পার্বতিপুর, জেলা:দিনাজপুর এর বকেয়া বেতন-ভাতাদি ছাড়করন বিষয়ে এ অধিদপ্তরের মতামত প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: উত্তর শালন্দার দাখিল মাদরাসার স্মারক নং ২০/১৭

তারিখ : ২৫.০৬.১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা(১২১০৩০), এর বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) ছাড়করনের নিমিত্ত সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে একটি আবেদন পাওয়া যায়।

০২. উক্ত আবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে,

ক. জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা এর বিরুদ্ধে ২০৯/০৫ নং ফৌজদারী মামলা দায়ের হওয়ার কারণে গত ০১.০২.২০০৬ খ্রি: হতে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের সময় হতে তিনি (জনাব মো: এজান হক সরদার) খরপোষ ভাতা প্রাপ্ত হয়েছেন।


খ. জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা গত ২০.১১.২০১৬ খ্রি: তারিখে উক্ত মামলা হতে বেকসুর খালাশ প্রাপ্ত এবং তদানুসারে মাদরাসার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গত ০১.১২.২০১৬ খ্রি: হতে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার হয়।

গ. বরখাস্ত আদেশ প্রত্যাহারের পর জনাব মো: এজান হক সরদার কর্তৃক গত জুন/১৬ হতে নভেম্বর/১৬ খ্রি: পর্যন্ত সময়ের এমপিও গৃহীত হয়েছে। কিন্তু উক্ত সময়ের (গত জুন/১৬ হতে নভেম্বর/১৬ খ্রি: পর্যন্ত সময়ের) বকেয়া উত্তোলনের সময় অবশিষ্ট সময়ের তথা ফেব্রুয়ারি/২০০৬ হতে মে/২০১৬ খ্রি: পর্যন্ত সময়ের বকেয়া প্রাপ্তির জন্য কোন আবেদন করা হয়েছিল কিনা এর কোন প্রমাণক আবেদনের সাথে সংযুক্ত করা হয়নি। ফলে জেনেশুনেই তিনি (মো: এজান হক সরদার) বর্তমান আবেদনে বর্ণিত সময়ের বকেয়া দাবী ব্যতিতই এমপিও উত্তোলন করেছেন মর্মে প্রতীয়মান হয়।

ঘ. তাছাড়া ট্রেজারী রপল অনুযায়ী সরকারের নিকট কোন বকেয়া দাবী বকেয়া হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে দাবী করার বিধান রয়েছে, কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা করা হয়েছে মর্মে তথ্য প্রমাণে প্রতিষ্ঠিত হয়নি এবং যথা সময়ে বকেয়ার জন্য কেন আবেদন করা হয়নি এ বিষয়ে কোন কারন ও প্রমাণক উল্লেখ করা হয়নি।

ঙ. আবেদনকারীর উপরিউক্ত কার্যক্রম দ্বারা এটা স্পষ্ট হয় যে, জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা আলোচ্য আবেদনে বর্ণিত বকেয়া ব্যতিতই (স্বেচ্ছায়, স্বতস্কৃতভাবে) এমপিও উত্তোলন করেছেন মর্মে স্পষ্ট হয়।

এমতাবস্থায় যেহেতু জনাব মো: এজান হক সরদার, অফিস সহায়ক, উত্তর শালন্দার দাখিল মাদরাসা, (স্বেচ্ছায়, স্বতস্কৃতভাবে) আলোচ্য আবেদনে বর্ণিত সময়ের বকেয়া ব্যতিত এমপিও সুবিধাদি উত্তোলন করেছেন সেহেতু বর্তমান আঙ্গীকে আলোচ্য আবেদনে বর্ণিত সময়ের বকেয়া পরিশোধের সুযোগ আছে মর্মে প্রতীয়মান হয়না। নির্দেশক্রমে বিষয়টি মহোদয়ের গোচরে নেয়া হলো।



মাহফুজা ইয়াছমিন

সহকারি পরিচালক(দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সুপার, উত্তর শালন্দার দাখিল মাদরাসা(১২১০৩০),
উপজেলা-পার্বতিপুর, জেলা:দিনাজপুর

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
০২. পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা-পার্বতিপুর।
০৪. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
০৫. সভাপতি, উত্তর শালন্দার দাখিল মাদরাসা(১২১০৩০)।